

নবাগত শিশুদের পরিচর্যার নিয়ম ও শর্তাবলী

আপনি যখন সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন কানাডার আর্থিক অনুদানপ্রাপ্ত পরিষেবাগুলিতে উপস্থিত থাকেন, শুধু তখনই আপনার শিশু নবাগত শিশুদের পরিচর্যা (Care for Newcomer Children বা CNC) কর্মসূচিতে অংশ নিতে পারে। আপনাকে অবশ্যই স্থানে উপস্থিত থাকতে হবে এবং জরুরী অবস্থার ক্ষেত্রে আপনাকে প্রাপ্তিসাধ্য থাকতে হবে।

CNC কর্মসূচিগুলি প্রাদেশিকভাবে লাইসেন্সপ্রাপ্ত শিশু পরিচর্যা নয়। CNC কর্মসূচিগুলি নবাগত শিশুদের পরিচর্যার আবশ্যিকতাগুলি (Care for Newcomer Children Requirements বা CNCR) মেনে চলে এবং পরম্পরাগত দিবাকালীন পরিচর্যার কর্মসূচিগুলির মত প্রাদেশিক সরকার কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত নয়, যেহেতু মা-বাবা স্থানেই উপস্থিত থাকেন।

অনুগ্রহ করে মনে রাখবেন:

- CNC ব্যবহার করার জন্য, আপনাকে অবশ্যই শিশুটির মা অথবা বাবা হতে হবে।
- এখানে উপস্থিত থাকার জন্য আপনার শিশুর বয়স অবশ্যই কমপক্ষে 6 মাস হতে হবে।
- আপনার শিশুর যত্ন নিতে কর্মীদের সাহায্য করার জন্য, আপনি সমস্ত প্রয়োজনীয় তথ্য দেওয়ার জন্য দায়িত্বশীল।
- আপনার শিশু CNC-তে অংশ নেওয়ার সময়, আপনাকে অবশ্যই সবসময় স্থানটিতে উপস্থিত থাকতে হবে।
- আপনার শিশুর জন্য আপনিই দায়িত্বশীল এবং যখন প্রয়োজন হবে, পরিচর্যা দেওয়ার জন্য আপনাকে অবশ্যই স্থানে উপস্থিত থাকতে হবে।
- আপনি যদি কোনো সময় CNC-র স্থান ছেড়ে যান, তাহলে আপনাকে অবশ্যই আপনার শিশুকেও সঙ্গে নিয়ে যেতে হবে।
- আপনি যদি আপনার শিশুকে ছাড়া স্থান ছেড়ে চলে যান, তাহলে আপনি CNC কর্মসূচিতে পরিচর্যার সুযোগ হারাতে পারেন।

মা বা বাবা হিসাবে আমি কর্মীদের সেই সব তথ্য দিয়েছি, যা আমার শিশুর যত্ন নেওয়ার সময় তাদের প্রয়োজন হবে। আমি বুঝি যে সংস্থাটি আমার শিশুকে সুরক্ষিত রাখার জন্য সমস্ত যুক্তিসঙ্গত নিরাপত্তামূলক পদক্ষেপ নেবে। আমি আইন দ্বারা অনুমোদিত পূর্ণতম মাত্রা পর্যন্ত, সংস্থাটিকে এবং এটির কর্মী ও স্বেচ্ছাসেবকদের যে কোনো বা সমস্ত দাবি থেকে মুক্তি, অব্যাহতি ও রেহাই দিতে এবং দায়মুক্ত করতে সম্মতি দিচ্ছি, এই কর্মসূচিতে শিশুর অংশগ্রহণের ফলস্বরূপ উদ্ভূত দাবি বা ক্ষতিগুলিও এর অন্তর্ভুক্ত হলেও এতেই সীমাবদ্ধ নয়।

মা বা বাবার নাম:

স্বাক্ষর:

তারিখ:

ISOর নাম:

স্বাক্ষর:

তারিখ: